17 JUL 2017
পৃষ্ঠা 2 কলাম 6

### ছাত্রী উত্ত্যক্তের জের

# বিএম কলেজে ছাত্রলীগের দু'পক্ষে সংঘর্ষ, আহত ৫

■ বরিশাল ব্যুরো

বরিশাল ব্রজমোহন (বিএম) কলেজে এক ছাত্রীকে উত্ত্যক্ত করার ঘটনাকে কেন্দ্র করে ছাত্রলীগের দু'পক্ষে সংঘর্ষ হয়েছে। এতে আহত হয়েছে উভয় পক্ষের কমপক্ষে পাঁচজন। গতকাল রোববার বেলা সাড়ে ১১টার দিকে ক্যাম্পাসের জিরো পয়েন্টে এ সংঘর্ষ হয়।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, সমাজবিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র মো. অলিউর রহমানের বান্ধবীকে উত্ত্যক্ত করে সমাজকল্যাণ বিভাগের ছাত্র পলাশ। অলিউর ফ্লাইট সার্জেন্ট ফজলুল হক ডিগ্রি হোস্টেলের ও পলাশ কবি জীবনানন্দ দাশ হলের আবাসিক ছাত্র এবং ছাত্রলীগের সঙ্গে সম্পৃক্ত। অলিউর বান্ধবীকে উত্ত্যক্তের প্রতিবাদ করলে এ নিয়ে উভয়ের মধ্যে বাদানুবাদ হয়। একপর্যায়ে উভয় গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং সংঘর্ষ হয়। এতে ক্যাম্পাসে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

খবর পেয়ে কলেজ প্রশাসন এবং পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আহতদের মধ্যে গুরুতর ■ পৃষ্ঠা ৪ : কলাম ৫

## বিএম কলেজে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

অর্থনীতি বিভাগের ছাত্র গোপালকে শেরেবাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর স ম ইমানুল হাকিম বলেন, সংঘর্ষের কারণ জানতে এবং অভিযুক্তদের চিহ্নিত করতে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়